

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩১

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ রিযিক অম্বেষেনের ক্ষেত্রে প্রতিযোগিতা না করা ওয়াজিব হওয়া মর্মে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ تَرْكِ التَّنَافُسِ عَلَى طَلَبِ رِزْقِهِ

আরবী

3231 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةً قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ سَلَّامٍ بْنِ شُرَحْبِيلٍ قَالَ: سَمِعْتُ حَبَّةَ وَسَوَاءً ابْنِي خَالِدٍ يَقُولَانِ: أَتَيْنَا حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ سَلَّمٍ بْنِ شُرَحْبِيلٍ قَالَ: سَمِعْتُ حَبَّةَ وَسَوَاءً ابْنِي خَالِدٍ يَقُولَانِ: أَتَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وهو يَعْمَلُ عَمَلًا يَبْنِي بِنَاءً فَلَمَّا فَرَغَ دَعَانَا فَقَالَ: (لَا تَنَافَسَا فِي الرِّزْقِ مَا هزَّت رؤوسكما فَإِنَّ الْإِنْسَانَ تَلِدُهُ أُمُّهُ وَهُوَ أَحْمَرُ لَيْسَ عليه قشر ثَمَا هزَّت رؤوسكما فَإِنَّ الْإِنْسَانَ تَلِدُهُ أُمُّهُ وَهُوَ أَحْمَرُ لَيْسَ عليه قشر ثم يعطيه الله ويرزقه)

الراوي: حَبَّة وَسَوَاء المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3231 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (4798).

বাংলা

৩২৩১. খালিদ রাদ্বিয়াল্লাহু আনহুর ছেলে হাব্বা এবং সাওয়া থেকে বর্ণিত, তারা বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসি এমন অবস্থায় যে, তিনি কিছু মেরামত করছিলেন। অতঃপর যখন তিনি কাজ শেষ করেন, তখন তিনি আমাদেরকে ডাকেন এবং বলেন, "তোমরা রিযিক অম্বেষনে প্রতিযোগিতা করবে না, যতক্ষন পর্যন্ত তোমাদের মাথা সচল (অর্থাৎ তোমরা জীবিত) থাকবে। কেননা একজন মানুষকে তার মা জন্ম দেয়, এমন অবস্থায় যে, সে থাকে লাল বর্ণের, থাকে না মোটা চামড়া (কাঁচা নরম চামড়ার অধিকারী)। তারপরে মহান আল্লাহ তাকে তা প্রদান করেন এবং রিযিক প্রদান করেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৬৯; ইবনু মাজাহ: ৪১৬৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৪৫৩; তাবারানী: ৩৪৭৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফাহ: ৪৭৯৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন